

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৪

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (১ হ্রান্ট্রান্

পরিচ্ছেদঃ ১১৮: পুরুষাঙ্গ স্পর্শ করার কারণে উযূ করা

الْوُضُوءُ مِنْ مَسِّ الذَّكَرِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّد بْنِ الْمُغِيرَةِ، قال: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ سَعِيدٍ، عَنْ شُعَيْبٍ، عَنْ النُّهْرِيِّ، قال: أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرِ بْنِ عَمْرِو بْنِ حَزْمٍ، أَنَّهُ سَمِعَ عُرْوَةَ بْنَ الزُّيْرِ، يَقُولُ: ذَكَرَ مَرْوَانُ فِي إِمَارَتِهِ عَلَى الْمَدِينَةِ أَنَّهُ يُتَوَضَّأُ مِنْ مَسِّ الذَّكَرِ إِذَا أَفْضَى الزُّبيْرِ، يَقُولُ: ذَكَرَ مَرْوَانُ فِي إِمَارَتِهِ عَلَى الْمَدِينَةِ أَنَّهُ يُتَوَضَّأُ مِنْ مَسَّهُ، فَقَالَ مَرْوَانُ: إِذَا أَفْضَى إِلَيْهِ الرَّجُلُ بِيَدِهِ، فَأَنْكَرْتُ ذَلِكَ وَقُلْتُ لا وُضُوءَ عَلَى مَنْ مَسَّهُ، فَقَالَ مَرْوَانُ: أَنْكَرْتُ ذَلِكَ وَقُلْتُ لا وُضُوءَ عَلَى مَنْ مَسَّهُ، فَقَالَ مَرْوَانُ: فَكَرَ مَا أَخْبَرَتْنِيبُسْرَةُ بِنِنتُ صَفْوَانَ، أَنَّهَا سَمِعَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، ذَكَرَ مَا يُتَوَضَّأُ مِنْهُ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَيُتَوَضَّأُ مِنْ مَسِّ الذَّكَرِ . قَالَ يُتَوضَنَّأُ مِنْهُ مَوْلَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَيُتَوَضَّأُ مِنْ مَسِّ الذَّكَرِ . قَالَ عُرُوةُ: فَلَمْ أَزَلْ أُمَارِي مَرْوَانَ حَتَّى دَعَا رَجُلًا مِنْ حَرَسِهِ، فَأَرْسَلَهُ إِلَى بُسْرَةَ فَسَأَلَهَا عَمَّا حَدَّتَتْ مَرْوَانَ، فَأَرْسَلَة إِلَى بُسْرَةُ بِمِثْلِ الَّذِي حَدَّثَنِي عَنْهَا مَرْوانُ.

تخريج دارالدعوه: انظر ما قبله (تحفة الأشراف: ١٥٧٨٥) (صحيح)

_ صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 164

বাংলা

১৬৪. আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনুল মুগীরাহ্ (রহ.) যুহরী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ ইবনু আবৃ বকর ইবনু আমর ইবনু হাযম (রহ.) আমাকে বলেছেন, তিনি 'উরওয়াহ্ ইবনু যুবায়র-কে বলতে শুনেছেন যে, মারওয়ান তার মাদীনায় শাসনকালে উল্লেখ করেছেন, কোন লোক স্বীয় হাত দিয়ে পুরুষাঙ্গ স্পর্শ করলে সে উযু করবে। (উরওয়াহ্ বলেন,) আমি অস্বীকার করলাম এবং বললাম, যে লোক তা স্পর্শ করে তার উযু করতে হবে না। তখন মারওয়ান বললেন, বুসরাহ্ বিনতু সফওয়ান (রাঃ) আমাকে বলেছেন যে, তিনি যে যে কারণে উযু করতে হয় রাসূলুল্লাহ (সা.) -কে তা উল্লেখ করতে শুনেছেন। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: পুরুষাঙ্গ স্পর্শ করলে উযু



করতে হবে। উরওয়াহ্ বলেন, অতএব আমি এ ব্যাপারে মারওয়ান-এর সাথে বিতর্কে লিপ্ত হলাম। অবশেষে তিনি তাঁর দেহরক্ষীদের একজনকে ডেকে বুসরার কাছে পাঠালেন। সে বুসরাকে মারওয়ান-এর কাছে তিনি যে হাদীস বর্ণনা করেছেন সে সম্বন্ধে প্রশ্ন করল। বুসরাহ তার কাছে ঐরূপই বলে পাঠালেন যেরূপ মারওয়ান আমার কাছে হাদীস বর্ণনা করেছেন।

English

118. Wudu' After Touching One's Penis

Urwah bin Az-Zubair said: When he was the governor of Al-Madinah, Marwan mentioned that a man should perform Wudu' after touching his penis, if he touches it iwth his hand. I did not like that and I said: 'The one who touches it does not have to perform Wudu'.' Marwan said: 'Busrah bint Safwan told me that she heard the Messenger of Allah (**) mention the things for which Wudu' should be performed, and the Messenger of Allah (**) said: 'Wudu' should be performed after touching the penis.' 'Urwah said: 'I continued to argue with Marwan until he called one of his guards and sent him to Busrah to ask her about what Marwan had narrated, and Busrah sent word saying something like that which Marwan had narrated to me from her.

ফুটনোট

সহীহ: আবূ দাউদ ১৮১, মুয়াত্ত্বা মালিক ১৫, দারিমী ৭২৫, মুসনাদে হুমায়দী ৩৫২, তিরমিয়ী ৮২, ইবনু মাজাহ ৪৭৯, সহীহ ইবনু খুযায়মাহ ৩৩, ইরওয়াউল গালীল ১১৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ.)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন